তারিখ 11 APR ২০১৬
পৃষ্ঠা ৭-৮ কলাম ২

দৈনিক জনকণ্ঠ

# শিক্ষক সঙ্কটে ক্লাস বন্ধ ॥ স্কুলে তালা

**স্টাফ রিপোর্টার, বরিশাল ॥** শিক্ষক সঙ্কটে ক্লাস না হওয়ার প্রতিবাদে এবং ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক, ম্যানেজিং কমিটির সভাপতির ঘুষ বাণিজ্য ও অনিয়মের বিচারের দাবিতে ক্লাস বর্জন করে স্কুলের প্রতিটি কক্ষে তালা ঝুলিয়ে তৃতীয়দিনের ন্যায় রবিবার সকালে বিক্ষোভ মিছিল করেছে শিক্ষার্থীরা। ঘটনাটি জেলার আগৈলঝাড়া উপজেলার বাহাদুরপুর মাধ্যমিক বিদ্যালয়ের। জানা গেছে, ওই বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক পুলিন মল্লিক ও সভাপতি প্রভাত চন্দ্র হালদারের ঘুষ বাণিজ্য ও অনিয়মের কারণে চারটি শূন্যপদে শিক্ষক নিয়োগ করা সম্ভব হয়নি। ফলে গত তিন বছর থেকে শিক্ষার্থীদের সঠিক নিয়মে ক্লাস নেয়া সম্ভব হচ্ছে না। একাধিকবার শিক্ষার্থীরা সঠিকভাবে ক্লাস নেয়ার জন্য উল্লেখিতদের কাছে ধর্ণা দিয়েও কোন সুফল পায়নি। ফলে গত বৃহস্পতিবার থেকে আন্দোলনে নামে শিক্ষার্থীরা। ওইদিন শিক্ষক নিয়োগের দাবিতে শিক্ষার্থীরা বিক্ষোভ মিছিল করে। শনিবার সকালে একই দাবিতে শিক্ষার্থীরা স্কুল ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল করে, [illegible] শিক্ষককে লাইব্রেরী কক্ষে অবরুদ্ধ করে রাখেন। পরে স্থানীয়দের সহায়তায় তিন ঘণ্টাপর অবরুদ্ধদের মুক্ত করা হয়। রবিবার সকালে পুনরায় শিক্ষার্থীরা বিক্ষোভ মিছিল করে স্কুলের প্রতিটি কক্ষে তালা ঝুলিয়ে দেয়। ঘুষ বাণিজ্যের অভিযোগ অস্বীকার করে তিনদিনের বিক্ষোভ মিছিল, শিক্ষক অবরুদ্ধ ও ক্লাস রুমে তালা ঝুঁলিয়ে দেয়ার সত্যতা স্বীকার করে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক পুলিন মল্লিক বলেন, গত চারদিন থেকে আমার জ্বর হওয়ায় আমি স্কুলে যেতে পারিনি। শিক্ষক নিয়োগ নিয়ে জটিলতার সৃষ্টি হওয়ায় কারণেই এ ঘটনার সৃষ্টি হয়েছে।